# অবসর বার্তা

অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ত্রৈমাসিক মুখপত্র

পঞ্চম বর্ষ ॥ চতুর্থ সংখ্যা (অক্টোবর-ডিসেম্বর, ২০১৮) ॥ ০৭ ফেব্রুয়ারী, ২০১৯ ॥ ২৫ মাঘ ১৪২৫ ॥ ২ জমাদিউস সানি ১৪৪০ ॥ বৃহস্পতিবার


## বিজয় দিবস ২০১৮

মহান বিজয় দিবস উপলক্ষ্যে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির সদস্যদের নিয়ে অবসর ভবনে পতাকা উত্তোলন ও আলোচনা সভার আয়োজন করা হয়। পতাকা উত্তোলন করেন সমিতির সভাপতি জনাব আব্দুল্লাহ হারুন পাশা। পতাকা উত্তোলনের পর আলোচনায় সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপস্থিত সদস্যগণের মধ্য থেকে অনেকেই মুক্তিযুদ্ধের স্মৃতি ও বিজয়ের মাহেন্দ্রক্ষণের বিভিন্ন দিক বর্ণনা করেন। এক পর্যায়ে আলোচনা সভার পরিবেশ ভারী হয়ে যায়। সভাশেষে আপ্যায়নের ব্যবস্থা করা হয়।



## কার্যনির্বাহী কমিটির সভা

বিগত ১৩ নভেম্বর, ২০১৮ তারিখে কার্যনির্বাহী কমিটির এক সভা অত্র সমিতির সভাপতি জনাব আব্দুল্লাহ হারুন পাশার সভাপতিত্বে অবসর ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ২৫ জন সদস্য উপস্থিত ছিলেন। আলোচ্যসূচী অনুযায়ী সভার শুরুতে পরলোকগত সদস্যদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে মোনাজাত পরিচালনা করেন সমিতির কোষাধ্যক্ষ জনাব এ কে শামসুল হক। অতঃপর বিগত সভার কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়। সভাপতির নির্দেশক্রমে সমিতির পরিচালক (প্রশাসন) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পরিস্থিতি উল্লেখ করতে গিয়ে বলেন- প্রয়াত সদস্যগণের পরিবারের নিকট শোক প্রস্তাব প্রেরণ করা হয়েছে; সমিতির উত্তরার জমির নামজারীর লক্ষ্যে অনলাইনে আবেদন করা হয়েছে। ইতোমধ্যে নামজারীর জন্য শুনানীর তারিখ নির্ধারিত হয়েছে। শুনানী শেষে নামজারীর কার্যক্রম সম্পন্ন হবে; উন্নয়ন উপ-কমিটির চেয়ারম্যান উত্তরার জমির ডিজিটাল নকশা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবেন এবং জমিটিতে প্রাচীর নির্মাণের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে দায়িত্ব অর্পণ করা হয়েছে;

*২-এর পাতায় দেখুন*

## বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান ২০১৮



ধানমন্ডিস্থ সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্সে অবসর সমিতির বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান- ২০১৮ অনুষ্ঠিত হয়ে গেল বিগত ০১ ডিসেম্বর, ২০১৮ তারিখে। ক্রীড়া অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির সদস্যবৃন্দ, তাঁদের স্ত্রী/স্বামী, নাতি/নাতনী এবং অফিসের কর্মচারীবৃন্দ অংশ-গ্রহণ করেন। শীতের শিশির ভেজা সকালে জাতীয় পতাকা, ক্রীড়া পতাকা ও সমিতির পতাকার উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানটি শুরু হয়। অনুষ্ঠানটি শুরু হয়ে ক্রীড়াসূচি অনুযায়ী প্রতিটি খেলার আইটেম সুন্দরভাবে সম্পন্ন হয়। উপস্থিত সকলেই অনুষ্ঠানটি উপভোগ করেন। সকাল সাড়ে দশটায় নাস্তা পরিবেশন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় এম. পি. ব্যারিষ্টার ফজলে নূর তাপস। ক্রীড়া অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব আব্দুল্লাহ্ হারুন পাশা। সমিতির মহাস-চিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর ও ক্রীড়া উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আনিসুজ্জামান-এর সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠান ঘোষণায় দায়িত্বে ছিলেন সমিতির আজীবন সদস্য জনাব মোহিনী মোহন চক্রবর্তী।



# সম্পাদকীয়



ত্রৈমাসিক অবসর বার্তা অক্টোবর-ডিসেম্বর, ২০১৮ সংখ্যা প্রকাশ করা হলো। এটি অবসর বার্তার ২০১৮ সালের শেষ সংখ্যা। আলোচ্য বছরে ১৬ ডিসেম্বর তারিখে আমরা আমাদের বিজয়ের ৪৭তম বছর উদযাপন করেছি।

১৬ ডিসেম্বর আমাদের জাতির জীবনের এক মহা মূল্যবান দিন। ১৯৭১ সালের এই দিনে আমরা পাকিস্তানী হানাদার বাহিনীর নির্যাতনের হাত থেকে বিজয় অর্জন করেছি। ২৫ মার্চ ১৯৭১-এর কালো রাত্রে শুরু হয়েছিল মুক্তিযুদ্ধ। তা পূর্ণতা পেল ১৬ ডিসেম্বর বিজয়ের দিন। এ দিন আমাদের জন্য এক অনন্য সাধারণ আনন্দের দিন, প্রাণ খুলে হাসার দিন, আবার প্রাণখুলে কান্নার দিনও বটে।

১৯৭১-এর ১৬ ডিসেম্বর আমরা প্রাণখুলে হেসেছি, আবার অঝোর ধারায় কেঁদেছিও অনেকে। এদিনের বিজয়ের অনুভূতি লিখে বোঝানো কঠিন।

এদিনে আমরা আমাদের জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের এবং বীরঙ্গনা মহিলাদের বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছি। যারা শহীদ হয়েছেন তাদের আত্মার মাগফেরাত কামনায় মহান আল্লাহ পাকের দরবারে প্রার্থনা জানাচ্ছি।



## শোক সংবাদ

অত্র সমিতির কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ মাহবুব হোসেন (আ-১৪৪৭) গত ০৪ জানুয়ারী ২০১৯ তারিখে রাত ৯.০০ ঘটিকায় ঢাকার ল্যাব-এইড হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহানুভূতি জ্ঞাপন করছি।

# কার্যনির্বাহী কমিটির সভা

*১ এর পাতার পর*

সমিতির অন্তঃকক্ষ ক্রীড়া অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে এবং জনাব মোঃ শফিকুল ইসলামকে ক্রীড়া উপ-কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে; সমিতির স্থায়ী আমানত হিসাবে রক্ষিত এফ.ডি.আর সংখ্যা পর্যায়ক্রমে কমানোর ব্যবস্থা নেয়া হচ্ছে; সমিতির কল্যাণ কার্যক্রমের আওতায় শিক্ষাবৃত্তি এককালীন অনুদান এবং জরুরী চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগ খাতে শেষ কিস্তিতে অর্থ মঞ্জুরীর লক্ষ্যে অদ্যকার সভায় উক্ত উপ-কমিটির সুপারিশ উপস্থাপন করা হয়েছে; সময়ের চাহিদা মোতাবেক সমিতির চাকরিবিধি, নিয়োগবিধি ও অর্গানোগ্রাম পুনর্বিন্যাস করার লক্ষ্যে নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়োগ, বেতন ও বিধি কমিটি এতদসংক্রান্ত বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে। সংরক্ষণ প্রকৌশলী জনাব মোঃ সিদ্দিকুর রহমানকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে; সমিতির জন্য প্রস্তুতকৃত ওয়েবসাইটটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে; জনাব মোঃ মাহবুব হোসেন (আ-১৪৪৭) ও শেখ হাসিবুর রহমান (আ-১৪২৭)-কে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসেবে সহযোজন করা হয়েছে এবং বিগত সভায় অনুমোদিত আবেদনকারীদেরকে সদস্যভুক্তি সংক্রান্ত বিষয়টি অবহিত করা হয়েছে। ইতোমধ্যে অনেকেই সমিতির সদস্যভুক্ত হয়েছেন।

সভায় ক্রীড়া উপ-কমিটির ১১ সেপ্টেম্বর ও ৩১ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(ক) সমিতির অন্তঃকক্ষ ক্রীড়া অনুষ্ঠান খাতে ২০১৮ সালে কোন অর্থ বাজেটে বরাদ্দ না থাকায় উক্ত খাতে টাঃ ৭০,০০০/- (সত্তর হাজার) সংশোধিত বাজেট খাতে বরাদ্দ রাখা।

(খ) বার্ষিক ক্রীড়া-২০১৮ অনুষ্ঠানের আমন্ত্রণপত্র ও ক্রীড়াসূচি অনুমোদন।

(গ) বার্ষিক ক্রীড়া-২০১৮ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ঢাকা-১০ আসনের মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপসকে আমন্ত্রণ জানানো।

(ঘ) সমিতির বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে সকালের নাস্তা হিসেবে কলা (১টি), বনরুটি (২টি), ডিম (১টি) ও পানি (১টি) প্রদান।

নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির ২০ সেপ্টেম্বর ও ০৬ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহ সভায় উপস্থাপন করলে নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(ক) রেডিওলজি বিভাগ চালুর জন্য রেডিওলজিস্ট ১টি পদ, রেডিওগ্রাফার (মহিলা) ১টি পদ, কম্পিউটার অপারেটর ১টি পদ, রেডিওলজি এ্যাটেনডেন্ট ১টি পদ অনুমোদিত হয়েছে ও ল্যাব এ্যাটেনডেন্ট ১টি পদ সৃষ্টির ব্যাপারে ব্যাখ্যা প্রদান করতে বলা হয়েছে এবং রিসেপসনিস্ট-কাম-কম্পিউটার অপারেটর ১টি পদ অনুমোদিত হয়নি।

(খ) সমিতির প্রশাসন শাখা, হিসাব শাখা ও কল্যাণ শাখায় কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় উক্ত শাখাসমূহে হিসাব সহকারী ১টি, ফটোকপিয়ার মেশিন অপারেটর ১টি, ক্লিনার ১টি পদ অনুমোদিত হয়েছে। কল্যাণ কর্মকর্তা ১টি, সহঃ হিসাবরক্ষণ কর্মকর্তা ১টি, উপ-সহকারী প্রকৌশলী ১টি, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এর ১টি পদের ব্যাপারে পরবর্তী সভায় ব্যাখা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সমিতির পরিচালক (কার্যক্রম) পদে নিয়োগ দানের জন্য নিয়োগ কমিটির সুপারিশ অনুমোদন।

(ঘ) সভায় সমিতির সভাপতি উল্লেখ করেন যে, সমিতির পরিচালক (কার্যক্রম) পদে মোট ১০ জন আবেদনকারীকে সাক্ষাৎকারে আহ্বান করা হয়। এতদসংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক সাক্ষাৎকার গ্রহণান্তে সাবেক যুগ্ম-সচিব জনাব মোহা ওয়ালিউর রহমানকে সমিতির পরিচালক (কার্যক্রম) পদে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগের জন্য সুপারিশ করেছে। এতদপ্রেক্ষিতে, তিনি কার্যনির্বাহী কমিটির সভায় বিষয়টি অনুমোদনের জন্য আহ্বান করলে উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(ঙ) সমিতির চিকিৎসাকেন্দ্রের ডেন্টিস্ট ডাঃ মোঃ সেলিম ইফতেখারের আবেদন এবং তার কাজের অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে প্রচলিত নিয়ম মোতাবেক বেতন বৃদ্ধিসহ তাকে ০১ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য সমিতির চিকিৎসা কেন্দ্রের ডেন্টিস্ট পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদানের সুপারিশ অনুমোদন করা হয়।

স্বাস্থ্য উপ-কমিটির ২৫ সেপ্টেম্বর, তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) সমিতির চিকিৎসাকেন্দ্রে রেডিওলজি বিভাগ চালুর লক্ষ্যে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা ব্যয় অনুমোদন।

(২) প্রকল্প প্রস্তাব মোতাবেক রেডিওলজি বিভাগ চালুর জন্য রেডিওলজিস্ট ১ জন, রেডিওগ্রাফার ১ (এক) জন (মহিলা), কম্পিউটার অপারেটর ১ (এক) জন ও রেডিওলজি এ্যাটেনডেন্ট ১ (এক) জন জনবল নিয়োগ অনুমোদন করা হয়।

(৩) সমিতির চিকিৎসাকেন্দ্রে বহিরাগত রোগীদের চিকিৎসকের পরামর্শ ফি ২০০/- (দুইশত) টাকায় উন্নীত করা হয়।

উন্নয়ন উপ-কমিটির ২৫ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) নতুন ভবনের sub-station হতে পুরাতন ভবনের সুগন্ধা কমিউনিটি সেন্টার বা অন্য যে কোন দুটি ফ্লোরে বৈদ্যুতিক সংযোগ কাজ বাবদ আনুমানিক ৬.৫ (সাড়ে ছয় লক্ষ) টাকা ব্যয় অনুমোদন।

# কার্যনির্বাহী কমিটির সভা

(২) পুরাতন ভবনে ২০০KVA Pole Mounted Transformer টির তেল পরিবর্তন Overhauling কাজ ৫ বছর পূর্বে করা হয়েছে বিধায় ট্রান্সফরমারের Overhauling, Oil Centrifuge, Bushing-Gasket পরিবর্তন ও আনুষাঙ্গিক কাজ বাবদ আনুমানিক টাঃ ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) ব্যয় অনুমোদন।

(৩) সমিতির নতুন ভবনের সাব-স্টেশনের HT switchgear, ১৮ Ltr. Transformer oil Refill & PFI মেরামতসহ আনুষাঙ্গিক কাজ ৭৪,২৯৫/- (চুয়াত্তর হাজার দুইশত পঁচানব্বই) টাকা ব্যয়ে কার্যক্রম সম্পাদন অনুমোদন।

(৪) উত্তরায় সমিতির অনুকূলে বরাদ্দকৃত ১ বিঘা জমির বাস্তব দখল গ্রহণপূর্বক বেষ্টনী দেয়াল নির্মাণ ও নামজারি ব্যবস্থা গ্রহণ এবং বেষ্টনী দেয়াল নির্মাণের জন্য এতদসংক্রান্ত অনু-কমিটিকে প্রাক্কলন প্রস্তুতের দায়িত্ব অর্পণ। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রকৌশলী মোঃ আবুল কাশেমকে অনুরোধ করা হয়। জমিটির ডিজিটাল নকশা প্রণয়নের কাজের দায়িত্ব উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মান্নান স্বয়ং গ্রহণ করেন।

(৫) সমিতির নতুন ভবনের সম্মেলন কক্ষের ছাদ ও সাব-ষ্টেশনের ছাদ হতে পানি নিঃসরণ বন্ধের ব্যবস্থা করা ও পুরাতন ভবনের লিফ্ট রুমের সংস্কার বিষয়াদি সম্পর্কে পর্যালোচনান্তে কমিটির সদস্য প্রকৌশলী মোঃ আবুল কাশেমকে সম্মেলন কক্ষের ছাদ ও সাব-ষ্টেশনের ছাদ হতে পানি নিঃসরণ বন্ধের ব্যবস্থা করা ও পুরাতন ভবনের লিফ্ট রুমের সংস্কার কাজ সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুত করার দায়িত্ব অর্পণ করা হয়।

(৬) সমিতি ভবনে একটি মানসম্পন্ন ক্যান্টিন স্থাপন সম্পর্কে আলোচনান্তে ভবিষ্যতে হাসপাতাল স্থাপন করা হলে ক্যান্টিন চালুর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(৭) সমিতির নতুন ভবনে উপরের দিকে আরেকটি ফ্লোর বৃদ্ধি করার বিষয়ে প্রকৌশলী মোঃ আবুল কাশেমকে পরবর্তী সভায় লিখিত মতামত প্রদানের দায়িত্ব অর্পণ করা হয়।

(৮) সমিতির আজীবন সদস্য জনাব জাফর আহম্মদ (অবঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ই এম বিভাগ, গণপূর্ত) কে উন্নয়ন উপ-কমিটির সদস্য হিসাবে সহযোজন করা হয়।

প্রকাশনা উপ-কমিটির ০১ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) সমিতির অবসর জীবন ম্যাগাজিন জুলাই-ডিসেম্বর, ২০১৮ প্রাপ্ত লেখাগুলো বাছাই করে ছাপার কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত হয়। সম্পাদনা পরিষদের সদস্যদের মাধ্যমে।

(২) উপ-কমিটির সদস্য জনাব ওয়াসিউজ্জামান আকন্দের প্রস্তাবের প্রেক্ষিতে অবসর জীবন ম্যাগাজিন জুলাই-ডিসেম্বর, ২০১৮ সংখ্যায় ঢাকা সিটির ম্যাপ ছাপানো।

ব্যবস্থাপনা উপ-কমিটির ০৫ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) বনভোজনের স্থান হিসাবে কয়েকটি বনভোজন স্পট পরিদর্শন করে ১টি স্থানকে নির্বাচন করার জন্য সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুরকে আহ্বায়ক করে গঠিত অনু-কমিটিকে অনুমোদন।

(২) সমিতির বার্ষিক বনভোজন-২০১৮ এর অংশগ্রহণকারীদের চাঁদার হার এবং খাবার মেন্যু অনুমোদন।

কল্যাণ উপ-কমিটির ১২ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(ক) ২০১৮ সনের ৩য় পর্যায়ে বাছাইকৃত শিক্ষাবৃত্তি খাতে কেন্দ্রীয় সমিতিসহ ৩২ জেলা শাখা সমিতিতে ১২৮ জন ছাত্র-ছাত্রীকে ৫,৯৭,৯০০/- টাকা, এককালীন অনুদান খাতে কেন্দ্রীয় সমিতিসহ ১৮টি জেলা শাখা সমিতিতে ১২৮ জন সদস্যকে ২,৫৩,৮০০/- টাকা এবং জরুরী চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দূর্যোগ খাতে কেন্দ্রীয় সমিতিসহ ৪৩টি জেলা শাখা সমিতিতে ৩৪৮ জন সদস্যকে ১৬,০১,৫০০/- টাকা সর্বমোট ৬০৪ জনকে ২৪,৫৩,২০০/ টাকা মঞ্জুরী প্রদান।

(খ) জটিল ও ব্যয়বহুল চিকিৎসার ক্ষেত্রে প্রচলিত বরাদ্দ ৫,০০০/- টাকা অপ্রতুল বিবেচনায় বিশেষ ক্ষেত্রে বরাদ্দ সর্বোচ্চ ২৫,০০০/- টাকার মঞ্জুরী প্রদান।

কার্যনির্বাহী কমিটির কোষাধ্যক্ষ জনাব এ কে শামসুল হক সমিতির জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ সময়ের প্রাপ্তি ও প্রদান খাতের হিসাব বিবরণী সভায় উপস্থাপন করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সমিতি ভবনের পরিস্কার পরিচ্ছন্নতা কাজের পরিধি বিবেচনা করে ০১ (এক) জন দৈনিক ভিত্তিক কর্মচারী নিয়োগ ভূতাপেক্ষ অনুমোদন করা হয়।

সমিতির পরিচালক (প্রশাসন) নতুন সদস্যভুক্তির মোট ৮৬ জনের আবেদনের একটি তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যদের সম্মতিক্রমে ৮৬ জন নতুন সদস্যকে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভুক্তির বিষয়টি অনুমোদন করা হয়।

সমিতির চিকিৎসা কেন্দ্রের জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ সময়ের চিকিৎসা প্রতিবেদন সম্পর্কে পরিচালক (কার্যক্রম) সকলের জ্ঞাতার্থে উপস্থাপন করলে উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভায় বিভিন্ন আলোচ্যসূচী সম্পর্কে সদস্যগণ নিম্নোক্ত অভিমত পেশ করেন ঃ

(ক) কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ আব্দুল হাই উল্লেখ করেন যে, সভায় অগ্রগতির যে বিবরণ তুলে ধরা হয় সংশ্লিষ্ট ক্ষেত্রে উহার পূর্বের সভার অগ্রগতির বিবরণ সংযোজন করা দরকার এবং কার্যনির্বাহী কমিটির সভায় উপ-কমিটির সভাসমূহের সুপারিশসমূহ সংক্ষেপিত আকারে সংযোজন করলে সিদ্ধান্ত গ্রহণে সময়ক্ষেপণ পরিহার করা যাবে। তিনি আরও বলেন সমিতির নতুন ভবনে একটি হাসপাতাল স্থাপনের ব্যাপারে কনসালটেন্ট নিয়োগ করে একটি ডিপিপি তৈরী করতে হবে এবং হাসপাতালের জনকাঠামো সমিতির বর্তমান জনবল কাঠামো হতে ভিন্নতর হতে হবে।

(খ) জনাব মোঃ মাহে আলম প্রাক্তন সভাপতি ও বর্তমান সদস্য তাঁর বক্তব্যে জনবল কাঠামোতে নতুন পদ সৃষ্টির ব্যাপারে আরও পরীক্ষা-নিরীক্ষা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন।

(গ) চট্টগ্রামের বিভাগীয় প্রতিনিধি সমিতির গরীব সদস্যদের পরিবারকে প্রয়োজনে দাফন-কাফনের অর্থ বরাদ্দের অনুরোধ করেন।

(ঘ) সমিতির বিভিন্ন সভায় উপস্থিতির জন্য সদস্যদের যাতায়াত ভাতা বৃদ্ধির প্রস্তাব অর্থ বিষয়ক উপ-কমিটির মাধ্যমে সুপারিশ আকারে উপস্থাপনের জন্য সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর প্রস্তাব করেন।

পরবর্তীতে কার্যনির্বাহী কমিটির আরেকটি সভা ২৭ ডিসেম্বর, ২০১৮ তারিখে সমিতির সভাপতির সভাপতিত্বে অবসর ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সর্বমোট ২৬ জন সদস্য উপস্থিত ছিল। বিগত কার্যনির্বাহী কমিটির সভার পর জানা অজানা সকল পরলোকগত সদস্যদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে সমিতির কোষাধ্যক্ষ জনাব এ কে শামসুল হক মোনাজাত পরিচালনা করেন। বিগত সভার কার্যবিবরণী সামান্য সংশোধনপূর্বক নিশ্চিত করা হয়। সভাপতির আহবানে সমিতির পরিচালক (প্রশাসন) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন ঃ

(১) প্রয়াত সদস্যগণের পরিবারের নিকট শোক প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(২) সমিতির বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান-২০১৮ সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্সে ০১ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ঢাকা- ১০ আসনের মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস উপস্থিত হয়েছিলেন।

# কার্যনির্বাহী কমিটির সভা

অন্যত্র ব্যস্ত থাকার কারনে তিনি শেষ পর্যন্ত থাকতে পারেননি। অনুষ্ঠানে সমিতির সভাপতি বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। ক্রীড়া অনুষ্ঠানটি আনন্দঘন পরিবেশে সম্পন্ন হয়েছে।

(৩) সমিতির অনুকূলে বরাদ্দকৃত উত্তরায় ১ বিঘা জমি সমিতির নামে নামজারির লক্ষ্যে শুনানি অন্তে নামজারির কার্যক্রম সম্পন্ন হয়েছে।

(৪) সমিতির উত্তরার জমির ডিজিটাল নকশা প্রণয়ণের কাজটি উন্নয়ন উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মান্নান সম্পাদন করবেন মর্মে জানিয়েছেন। এছাড়া প্রকৌশলী জনাব মোঃ আবুল কাশেম দেয়াল নির্মাণের প্রাক্কলন প্রণয়ণের কাজ করছেন।

(৫) সমিতির কল্যাণ কার্যক্রমের আওতায় শিক্ষাবৃত্তি, এককালীন অনুদান এবং জরুরী চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগ খাতে শেষ কিস্তির মঞ্জুরীকৃত অর্থ বাবদ টাঃ ২৪,৫৮,২০০/- দেশের সংশ্লিষ্ট জেলা শাখা সমিতির নিকট প্রেরণ করা হয়েছে।

(৬) কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক সমিতির পরিচালক (কার্যক্রম) জনাব মোঃ ওয়ালিউর রহমানকে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে এবং চিকিৎসা কেন্দ্রের ডেন্টিস্ট জনাব মোঃ সেলিম ইফতেখারকে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে।

(৭) সমিতির চিকিৎসাকেন্দ্রে রেডিওলজি বিভাগ চালুর লক্ষ্যে স্বাস্থ্য উপ-কমিটির সভার সুপারিশ অদ্যকার সভায় পেশ করা হয়েছে।

(৯) সমিতির বনভোজন- ২০১৮ এর জন্য কয়েকটি স্থান পরিদর্শন করে মিলিটারী ফার্ম, সাভার, ঢাকা নির্ধারণ করা হয়েছে এবং সমিতির সকল সদস্যদের নিকট আগামী ০২ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখে অনুষ্ঠেয় বনভোজনের আমন্ত্রণ পত্র প্রেরণ করা হয়েছে। বনভোজনে খাবার মেন্যু অনুসারে তা সরবরাহের জন্য ব্যবস্থাপনা কমিটির সভার সুপারিশ অদ্যকার সভায় পেশ করা হয়েছে।

(১০) বিগত সভায় অনুমোদিত আবেদনকারীদের সদস্যভুক্তি সংক্রান্ত বিষয়টি অবহিত করা হয়েছে। ইতোমধ্যে প্রায় অনেকেই সমিতির সদস্যভুক্ত হয়েছেন।

লাইব্রেরী উপ-কমিটির ২৯ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহ আলোচনান্তে নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয়ঃ

(১) সমিতির লাইব্রেরীয়ান নাজেরা খাতুনের নিয়মিত চাকুরী শেষ হওয়ায় তার আবেদন অনুযায়ী তাকে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়।

(২) বই ক্রয় অনু-কমিটিতে নবযোগদানকৃত পরিচালক (কার্যক্রম) জনাব মোহাঃ ওয়ালিউর রহমানকে অন্তর্ভুক্ত করা হয়।

(৩) লাইব্রেরীর বই ক্রয় সংক্রান্ত অনু-কমিটির সদস্য শেখ খুরশীদ আলমকে তার ইচ্ছানুসারে উক্ত কমিটি থেকে নাম প্রত্যাহার করা হয়।

(৪) সমিতির আজীবন সদস্য জনাব মোঃ সুব্রত জামান (আ- ২২৬৫) কে লাইব্রেরী উপ-কমিটির সদস্য হিসেবে সহযোজন করা হয়।

অর্থ বিষয়ক উপ-কমিটির ০৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহ আলোচনাকালে সভায় নিম্নোক্ত মতামত প্রদান করা হয়ঃ

(ক) নিরীক্ষিত হিসাবে প্রজেক্ট-এর পরিবর্তে সংস্থা লিপিবদ্ধ করতে হবে যা পরবর্তী রিপোর্টে লিপিবদ্ধ করা হবে।

(খ) সমিতির আয়কর মওকুফের মেমো নম্বর লিখতে হবে।

(গ) বিনিয়োগের খাতের নাম লিখতে হবে।

(ঘ) সমিতির কোন কোন অনুষ্ঠানের খরচ সেবা খাতে না দেখিয়ে প্রাতিষ্ঠানিক খাতে দেখানোর পরামর্শ প্রদান।

(ঙ) বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের বাজেট বরাদ্দ বৃদ্ধি করার পরামর্শ প্রদান।

(চ) বাজেটে গরীব অসহায় সদস্যদের দাফন-কাফনের অর্থ বরাদ্দের ব্যবস্থা রাখার প্রস্তাব গৃহীত হয়নি।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয়ঃ

(১) ২০১৭ সালে খসড়া নিরীক্ষিত হিসাব বার্ষিক সাধারণ সভার অনুমোদনের জন্য সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ২০১৮ সালের খসড়া সংশোধিত বাজেটে প্রাপ্তি খাতে টাঃ ১২,৮৭,৩৯,০৩১/- (বার কোটি সাতাশি লক্ষ উনচল্লিশ হাজার একত্রিশ) এবং প্রদান খাতে টাঃ ১২,৮৭,৩৯,০৩১/- (বার কোটি সাতাশি লক্ষ উনচল্লিশ হাজার একত্রিশ) এর প্রস্তাব এবং ২০১৯ সালের প্রস্তাবিত বাজেটে প্রাপ্তি খাতে টা ঃ ১৩,০৭,৪৫,০০০/- (তের কোটি সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) এবং প্রদান খাতে টাঃ ১৩,০৭,৪৫,০০০/- (তের কোটি সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) এর প্রস্তাব (যা একটি সমন্বয় বাজেট হিসাবে পরিগণিত হবে) বার্ষিক সাধারণ সভার অনুমোদনের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

গঠনতন্ত্র ও আইন বিষয়ক উপ-কমিটির ১০ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহ আলোচনান্তে প্রস্তাবিত সংশোধনীসমূহ অনুমোদনের জন্য আগামী বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের সুপারিশ করে সিদ্ধান্ত গ্রহণ হয়।

নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির ১৩ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশ অনুমোদন করা হয়ঃ

(ক) সমিতির গাইনোকলোজিস্ট (জুনিয়র কনসালটেন্ট) ডাঃ সুফিয়া খানমকে ১/২/২০১৯ তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য তার বেতন ভাতা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বৃদ্ধি চুক্তিভিত্তিক নিয়োগদানের সুপারিশ অনুমোদিত হয়।

(খ) সমিতির লাইব্রেরীয়ান জনাব নাজেরা খাতুন এর বয়স ৫৯ বছর পূর্তিতে তিনি সমিতির চাকরিবিধি মোতাবেক নিয়মিত চাকরি হতে বিগত ০৩ নভেম্বর, ২০১৮ তারিখে অবসর গ্রহণ করেন। তার চুক্তিভিত্তিক নিয়োগের আবেদনের প্রেক্ষিতে তার সর্বশেষ প্রাপ্য বেতন ভাতায় লাইব্রেরীয়ান পদে ০১ জানুয়ারী, ২০১৯ সাল হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দানের সুপারিশ অনুমোদিত হয়।

সময়ের স্বল্পতার কারনে নিয়োগ কমিটির অন্যান্য সুপারিশসমূহ যথাঃ সমিতির সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, উপ সহকারী প্রকৌশলী, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার, কল্যাণ কর্মকর্তা, ল্যাব এ্যাটেনডেন্ট পদ সৃষ্টি/নাম পরিবর্তনের বিষয়গুলো পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় সমিতির পরিচালক (প্রশাসন) মোট ৩৭ (সাইত্রিশ) জনের আবেদনের একটি তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যদের সম্মতিক্রমে ৩৭ (সাইত্রিশ) জন নতুন সদস্যকে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভুক্তির বিষয়টি অনুমোদন করা হয়।

উপরিউক্ত আলোচসূচিসমূহ আলোচনা করতেই যোহরের নামায এবং দুপুরের খাবার সময়ের শেষ পর্যায়ে উপনীত হওয়ায় অদ্যকার সভায় উপস্থাপিত আলোসূচি ৭ এর অসমাপ্ত অংশ এবং ৮, ৯, ১০, ১১ ও ১৩ পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

# উপ-কমিটিসমূহের সভা

## দরপত্র প্রস্তাব মূল্যায়ন কমিটি

বিগত ১৮ অক্টোবর, ২০১৮ তারিখে অত্র সমিতির দরপত্র প্রস্তাব মূল্যায়ণ কমিটির এক সভা উক্ত কমিটির চেয়ারম্যান জনাব এম মিজানুর রহমানের সভাপতিত্বে অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় ০৭ জন সদস্য উপস্থিত ছিলেন এবং সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর এবং পরিচালক (কার্যক্রম) বিশেষ আমন্ত্রণক্রমে উপস্থিত ছিলেন। আলোচ্যসূচী অনুযায়ী অত্র সমিতির চিকিৎসা কেন্দ্রে আগত সদস্য রোগীদের চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি যথোপযুক্তভাবে সংরক্ষণ করার জন্য চিকিৎসা সহায়ক পুস্তিকা সদস্যদের মধ্যে বিতরণের লক্ষ্যে উহা মুদ্রণের জন্য কোটেশন বিজ্ঞপ্তি জারীর প্রেক্ষিতে প্রাপ্ত ৪টি কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান হিসেবে দাগ প্রিন্ট মিডিয়া দরপত্রে উল্লেখিত কাজের বিবরণ অনুযায়ী আনুমানিক ৯৬ পৃষ্ঠায় ৩,০০০ কপি সর্বমোট টাঃ ১,৩৮,৬০০/- (এক লক্ষ আটত্রিশ হাজার ছয়শত) মূল্যে মুদ্রণের জন্য সম্মত হওয়ায় উক্ত প্রতিষ্ঠানকে আলোচ্য মূল্যে কার্যাদেশ প্রদানের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

# উপ-কমিটিসমূহের সভা

উক্ত কমিটির আরেকটি সভা বিগত ২৩ ডিসেম্বর, ২০১৮ তারিখে উক্ত কমিটির চেয়ারম্যান জনাব এম মিজানুর রহমানের সভাপতিত্বে অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় ০৭ জন সদস্য উপস্থিত ছিলেন এবং সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর যথারীতি সভায় উপস্থিত ছিলেন। সভায় আলোচ্যসূচী অনুযায়ী অত্র সমিতির বিভিন্ন তথ্য সম্বলিত একটি টেলিফোন ডাইরেক্টরী মুদ্রণের জন্য কোটেশন বিজ্ঞপ্তি জারীর প্রেক্ষিতে প্রাপ্ত ৩টি কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান হিসেবে এসোসিয়েট প্রিন্টিং প্রেসকে দরপত্রে উল্লেখিত কাজের বিবরণ অনুযায়ী ১০০০ কপি টেলিফোন ডাইরেক্টরী টাঃ ৪৪,০০০/- (চুয়াল্লিশ হাজার) মূল্যে মুদ্রণের জন্য কার্যাদেশ প্রদানের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

## গঠনতন্ত্র ও আইন বিষয়ক উপ-কমিটি

বিগত ২২ অক্টোবর, ২০১৮ তারিখে গঠনতন্ত্র ও আইন বিষয়ক উপ-কমিটির এক সভা উক্ত উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আমানউল্লাহ এর সভাপতিত্বে অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় উপ-কমিটির সদস্যগণ নিজ নিজ পরিচিতি তুলে ধরেন। সভায় উক্ত উপ-কমিটির চেয়ারম্যান সমিতির সদস্যগণ কর্তৃক আনীত গঠনতন্ত্রের সংশোধনী উপস্থাপন করলে সংশোধনী প্রস্তাবগুলো ক্রমানুসারে সাজিয়ে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সকলে মতামত ব্যক্ত করে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরবর্তীতে ১০ ডিসেম্বর, ২০১৮ তারিখে উক্ত উপ-কমিটির আরেকটি সভা অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় ০৬ জন সদস্য উপস্থিত ছিলেন এবং সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর উপস্থিত ছিলেন। আলোচ্যসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সমিতির সদস্যগণ কর্তৃক আনীত গঠনতন্ত্রের সংশোধনী প্রস্তাবসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে সংশোধনী প্রস্তাবের প্রতিটি ধারা চুলছেড়া বিশ্লেষণ করে মতামত প্রদান করা হয়। জেলা শাখা সমিতির গঠনতন্ত্রের সংশোধনীর বিষয় পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

## ক্রীড়া উপ-কমিটি

বিগত ৩১ অক্টোবর, ২০১৮ তারিখে অত্র সমিতির ক্রীড়া উপ-কমিটির চেয়ারম্যানের সভাপতিত্বে অবসর ভবনে এক অনুষ্ঠিত হয়। সভায় ১৩ জন সদস্য উপস্থিত ছিলেন এবং সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর সভায় উপস্থিত ছিলেন। আলোচ্যসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সভায় সমিতির পরিচালক (প্রশাসন) উল্লেখ করেন যে, আগামী ০১ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠেয় বার্ষিক ক্রীড়ানুষ্ঠানের জন্য সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্সে মাঠ বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত তারিখে সমিতির বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান-২০১৮ উদযাপনের লক্ষ্যে খসড়া আমন্ত্রণপত্র ও ক্রীড়াসূচীর বিভিন্ন দিক মহাসচিব সভায় তুলে ধরেন। উপস্থিত সদস্যগণ আমন্ত্রণপত্র ও ক্রীড়াসূচী সম্পর্কে নিজ নিজ মতামত তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে আমন্ত্রণপত্র ও ক্রীড়াসূচী কিছু সংশোধনীসহ অনুমোদন করা হয়। সভায় ক্রীড়াসূচীসহ আমন্ত্রণপত্রটি মুদ্রণপূর্বক সকল সদস্যগণের নিকট প্রশাসন শাখা কর্তৃক প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সমিতির ক্রীড়ানুষ্ঠানে পুরস্কার বিতরণের জন্য প্রধান অতিথি হিসাবে ঢাকা- ১০ আসনের মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার ফজলে নূর তাপস কে আমন্ত্রণ করার জন্য সকলে একমত পোষণ করেন। ক্রীড়ানুষ্ঠানে দিন সকালের নাস্তা হিসাবে কলা (১টি), বনরুটি (২টি), ডিম (১টি) ও পানি (১ টি) প্রদানের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

## উন্নয়ন উপ-কমিটি

অত্র সমিতির উন্নয়ন উপ-কমিটির এক সভা বিগত ২৫ অক্টোবর, ২০১৮ তারিখ উক্ত উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মান্নানের সভাপতিত্বে অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় ১০ জন সদস্য উপস্থিত ছিলেন। সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিগত ৮ জুলাই, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়। সভায় বিস্তারিত আলোচনাকালে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(১) সমিতির নতুন ভবনে উপরের দিকে আরেকটি ফ্লোর বৃদ্ধি করার বিষয় আলোচনা করা হয়। আলোচনান্তে এ বিষয়ে প্রকৌশলী মোঃ আবুল কাশেমকে পরবর্তী সভায় লিখিত মতামত প্রদান করার জন্য অনুরোধ করা হয়।

(২) সমিতির আজীবন সদস্য জনাব জাফর আহম্মদ (অবঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ই এম বিভাগ, গণপূর্ত) কে উন্নয়ন উপ-কমিটির সদস্য হিসাবে সহযোজনের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

## প্রকাশনা উপ-কমিটি

গত ০১ নভেম্বর, ২০১৮ তারিখে অত্র সমিতির প্রকাশনা উপ-কমিটির চেয়ারম্যান ও সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুরের সভাপতিত্বে অবসর ভবনে এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১০ জন সদস্য উপস্থিত ছিলেন। আলোচ্যসূচি অনুযায়ী উক্ত উপ-কমিটির বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অবসর জীবন ম্যাগাজিন জুলাই-ডিসেম্বর, ২০১৮ সংখ্যা মুদ্রণের লক্ষ্যে প্রাপ্ত লেখাগুলো প্রাথমিকভাবে বাছাই করার জন্য সম্পাদনা পরিষদের সদস্যদের মধ্যে ০৫ নভেম্বর, ২০১৮ তারিখে মধ্যে বিতরণ করা এবং লেখাগুলো প্রাথ মিকভাবে বাছাই করে সমিতির লাইব্রেরীয়ানের নিকট আগামী ১৫ নভেম্বর, ২০১৮ তারিখে মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়। সভায় আগামী ৩০ নভেম্বর,২০১৮ পর্যন্ত লেখা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপ-কমিটির সদস্য জনাব ওয়াসিউজ্জামান আকন্দ জুলাই-ডিসেম্বর, ২০১৮ সংখ্যায় ঢাকা সিটির ম্যাপ ছাপানের জন্য অনুরোধ করেন।

## নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটি

বিগত ০৬ নভেম্বর, ২০১৮ তারিখে নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির এক সভা উক্ত উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুরের সভাপতিত্বে অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় ১০ জন সদস্য উপস্থিত ছিলেন। আলোচ্যসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সভায় সমিতির পরিচালক (কার্যক্রম) পদে লোক নিয়োগ দানের লক্ষ্যে বিগত ১৫ অক্টোবর, ২০১৮ তারিখে দৈনিক 'ইত্তেফাক' ও 'দি বাংলাদেশ অবজারভার' পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি জারী করার ফলে মোট ১০ জন আবেদনকারী পরিচালক পদের জন্য আবেদন করেছেন। আবেদনগুলো যাচাই বাছাই ও উক্ত পদে নিয়োগ দানের জন্য জনাব আব্দুল্লাহ হারুন পাশাকে আহ্বায়ক এবং জনাব মোঃ আব্দুল মান্নান, জনাব ইকরাম আহমেদ, জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর, জনাব এ,কে, শামসুল হক, জনাব এম মিজানুর রহমান, জনাব আবদুস সাত্তার খানকে সদস্য করে একটি নিয়োগ কমিটি গঠন কর হয়।

উক্ত নিয়োগ কমিটিকে আগামী ১১ নভেম্বর, ২০১৮ তারিখ বেলা ১১.০০ টায় পরিচালক পদের ১০ (দশ) প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণপূর্বক এতদসংক্রান্ত সুপারিশ কার্যনির্বাহী কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

সমিতির চিকিৎসাকেন্দ্রের ডেন্টিস্ট ডাঃ মোঃ সেলিম ইফতেখার এর পরবর্তী ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক চাকরিতে নিয়োগ দানের আবেদন এবং তার কাজের অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে প্রচলিত নিয়ম মোতাবেক বেতন বৃদ্ধিসহ তাকে ০১ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য সমিতির চিকিৎসা কেন্দ্রের ডেন্টিস্ট পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদানের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত উপ-কমিটির পরবর্তী সভা ১৩ ডিসেম্বর, ১৮ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সমিতির চিকিৎসা কেন্দ্রের গাইনোকলোজিস্ট (জুনিয়র কনসালটেন্ট) ডাঃ সুফিয়া খানম পরবর্তী ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগদানের আবেদন দাখিল করায় তার আবেদন ও কাজের অভিজ্ঞতার বিষয়টি বিবেচনা করে ০১/০২/২০১৯ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য সমিতির চিকিৎসা কেন্দ্রের গাইনোকলোজিস্ট (জুনিয়র কনসালটেন্ট) পদে প্রচলিত নিয়ম মোতাবেক বেতন বৃদ্ধিসহ চুক্তিভিত্তিক নিয়োগ দানের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

# উপ-কমিটিসমূহের সভা

সভায় উল্লেখ করা হয় যে, সমিতির লাইব্রেরীয়ান জনাব নাজেরা খাতুন-এর বয়স ৫৯ বছর পুর্তিতে তিনি সমিতির চাকুরীবিধি মোতাবেক নিয়মিত চাকুরী হতে ০৩ নভেম্বর, ২০১৮ তারিখে অবসর গ্রহণ করায় পরবর্তীতে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগদানের আবেদন করেছেন। সভায় তার আবেদন ও কাজের অভিজ্ঞতার কারণে জনাব নাজেরা খাতুনকে তার সর্বশেষ প্রাপ্য বেতন ভাতায় লাইব্রেরীয়ান পদে ০১ জানুয়ারী, ২০১৯ সাল হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য মাসিক সাকূল্য বেতনে চুক্তিভিত্তিক নিয়োগ দানের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্তের আলোকে সমিতির সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা (পদের নাম পরিবর্তন), উপসহকারী প্রকৌশলী (পদের নাম পরিবর্তন), ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার, কল্যাণ কর্মকর্তা (পদ সৃষ্টি অথবা নাম পরিবর্তন) এবং ল্যাব এ্যাটেনডেন্ট (পদ সৃষ্টি) পদ স্বপক্ষে ব্যাখ্যা প্রদান করা হয়।

## নিয়োগ কমিটি

নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির সভায় গঠিত নিয়োগ কমিটির ১১ নভেম্বর, ২০১৮ তারিখে নিয়োগ কমিটির আহ্বায়ক জনাব আব্দুল্লাহ হারুন পাশার সভাপতিত্বে অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় ৬ জন সদস্য উপস্থিত ছিলেন। সমিতির পরিচালক (কার্যক্রম) পদে আবেদনকারীগণের মধ্যে দু'জন ব্যতীত সাক্ষাৎকার বোর্ড সভায় উপস্থিত ৮ (আট) জন আবেদনকারীর সাক্ষাৎকার গ্রহণের পর সাক্ষাৎকারের ফলাফল বিবেচনা করে মেধাক্রম প্রস্তুত করা হয়। সাক্ষাৎকার গ্রহণ অনুষ্ঠান ফলাফলে প্রথম স্থান অধিকারী জনাব মোহা ওয়ালিউর রহমানকে সমিতির পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগের সুপারিশ করে কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## ব্যবস্থাপনা উপ-কমিটি

গত ০৫ নভেম্বর, ২০১৮ তারিখে ব্যবস্থাপনা উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক) দেশের বাহিরে থাকায় উপ-কমিটির সদস্য ও সমিতির সহ-সভাপতি জনাব মোঃ আব্দুল মান্নান চেয়ারম্যান এর দায়িত্ব পালন করেন। সভায় ১০ জন সদস্য উপস্থিত ছিলেন। আলোচ্যসূচী অনুযায়ী উক্ত উপ-কমিটির সদস্যগণ নিজ নিজ পরিচিতি প্রদান করেন। সমিতির বার্ষিক বনভোজন-২০১৮ এর তারিখ ও স্থান নির্ধারণ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আগামী ০২ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখ শনিবার সমিতির বার্ষিক বনভোজনের তারিখ নির্ধারণ করা হয় এবং বনভোজন স্পট পরিদর্শন করে ১টি স্থানকে নির্বাচন করার জন্য সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুরকে আহ্বায়ক এবং জনাব মোঃ আব্দুল মান্নান, জনাব মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক), জনাব মোঃ ফজলুল হক, জনাব মোঃ রফিকুল আলম, জনাব মোঃ মুজিবুর রহমান, জনাব জয়নুল আবেদিন, জনাব মোঃ ফজলে ইলাহী (পরিচালক প্রশাসন) কে সদস্য একটি অনু-কমিটি গঠন করা হয়। সমিতির বার্ষিক বনভোজন-২০১৮ এর ব্যবস্থাপনা সম্পর্কে বিশদ আলোচনা হয়।

ব্যবস্থাপনা উপ-কমিটির আরেকটি সভা বিগত ২৪ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। বনভোজনে মানসম্মত খাবার ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য কয়েকটি খাবার সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে বনভোজনের খাবার, ডেকোরেশন দর প্যাকেজ হিসাবে "খোকন ক্যাটারিং এন্ড শুভা ডেকোরেটর" এর উদ্ধৃত দর মাথাপিছু ভ্যাট ও আয়কর ব্যতিত টাঃ ৬৮০/- (ছয়শত আশি) সর্বনিম্ন দর দাখিল করায় উক্ত প্রতিষ্ঠানটিকে কাজের দায়িত্ব এবং অগ্রীম হিসেবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করার সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

বনভোজন সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বিগত বছরের ন্যায় কয়েকটি অনু-কমিটি গঠন করা হয়। বনভোজনের দিন কবিতা আবৃত্তি ও গান (শিশু কিশোরদের জন্য) এবং বয়স্কদের জন্য গনা, কবিতা ও কৌতুক আইটেমগুলোর উপর সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত হয়। সভায় বনভোজন অনুষ্ঠানটিকে সুন্দরভাবে উপভোগ করার জন্য একজন সঙ্গীত শিল্পী ও একজন তবলচিকে অনুষ্ঠানে নেওয়ার ব্যবস্থা করার জন্য পরিচালক প্রশাসনকে পরামর্শ প্রদান করা হয়।

## লাইব্রেরী উপ-কমিটি

সমিতির লাইব্রেরী উপ-কমিটির এক সভা বিগত ২৯ নভেম্বর, ২০১৮ তারিখে উক্ত উপ-কমিটির চেয়ারম্যানের সভাপতিত্বে অবসর ভবনে অনুষ্ঠিত হয়। আলোচ্যসূচী অনুযায়ী উক্ত উপ-কমিটির বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয় ঃ

(১) ২০১৮ সালের বাজেটে বরাদ্দকৃত অর্থের মধ্যে অব্যয়িত ৯০,০০০/-(নব্বই হাজার) টাকা দ্বারা বই ক্রয়ের জন্য ইতোপূর্বেই অনু-কমিটিকে দায়িত্ব দেয়া হয়েছে। বইপত্র ক্রয়ের সময়ে বৃহত্তর পাঠককূলের চাহিদার প্রতি দৃষ্টি দেয়ার জন্য পরামর্শ দেয়া হয়

(২) ক্রয় করা নতুন বই যথাযথভাবে শ্রেণীবিন্যাস করে নির্ধারিত র‌্যাকে সাজিয়ে রাখতে হবে। এজন্য প্রয়োজনে আরো এক বা একাধিক র‌্যাক সংগ্রহ করতে হবে;

(৩) সমিতির আজীবন সদস্য জনাব মোঃ সুব্রত জামান (আ- ২২৬৫) কে লাইব্রেরী উপ-কমিটির সদস্য হিসেবে সহযোজন করার জন্য সুপারিশ করা হয়।

(৪) সমিতির লাইব্রেরীয়ান নাজেরা খাতুনের নিয়মিত চাকুরী শেষ হওয়ায় তার আবেদন অনুযায়ী তাকে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদানের সুপারিশ করা হয়।

(৫) বই ক্রয় অনু-কমিটিতে নবযোগদানকৃত পরিচালক (কার্যক্রম) জনাব মোহাঃ ওয়ালিউর রহমানকে অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়।

(৬) লাইব্রেরীর বই ক্রয় সংক্রান্ত অনু-কমিটির সদস্য শেখ খুরশীদ আলমকে তার ইচ্ছানুসারে উক্ত কমিটি থেকে নাম প্রত্যাহারের সুপারিশ করা হয়।

## অর্থ বিষয়ক উপ-কমিটি

বিগত ০৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে অত্র সমিতির অর্থ বিষয়ক উপ-কমিটির এক সভা সমিতির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উক্ত উপ-কমিটির চেয়ারম্যান জনাব আবদুল্লাহ হারুন পাশা সভাপতিত্ব করেন। সভায় ১০ জন সদস্য উপস্থিত ছিল। সভায় আলোচ্যসূচী অনুযায়ী উক্ত উপ-কমিটির বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সমিতির ২০১৭ সালে খসড়া নিরীক্ষিত হিসাব অনুমোদনের জন্য সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

অত্র সমিতির ২০১৮ সালে খসড়া সংশোধিত বাজেট এবং ২০১৯ সালের খসড়া প্রস্তাবিত বাজেটে কিছুটা সংশোধন করে ২০১৮ সালের খসড়া সংশোধিত বাজেটের প্রাপ্তি খাতে টাঃ ১২,৮৭,৩৯,০৩১/- এবং প্রদান খাতে টাঃ ১২,৮৭,৩৯,০৩১/-দেখানো হয়েছে এবং ২০১৯ সালের প্রস্তাবিত বাজেটে প্রাপ্তি খাতে টা ঃ ১৩,০৭,৪৫,০০০/- এবং প্রদান খাতে টাঃ ১৩,০৭,৪৫,০০০/- দেখানো হয়েছে যা একটি সমন্বয় বাজেট হিসাবে পরিগণিত হবে। সভায় উক্ত খসড়া সংশোধিত ও প্রস্তাবিত বাজেট অনুমোদনের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

## স্বাস্থ্য উপ-কমিটি

অত্র সমিতির স্বাস্থ্য উপ-কমিটির এক সভা বিগত ১৮ ডিসেম্বর, ২০১৮ তারিখে উক্ত উপ-কমিটির চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ হারুন পাশা এর সভাপতিত্বে অবসর ভবনে অনুষ্ঠিত হয়। সভায় মোট ১০ জন সদস্য উপস্থিত ছিলেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী স্বাস্থ্য উপ-কমিটির ২৫ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়। সমিতির চিকিৎসাকেন্দ্রে রেডিওলজি বিভাগ চালুর জন্য একটি মানসম্পন্ন ৫০০ এম.এ. এক্সরে মেশিন ক্রয় করার জন্য জনাব মোঃ সাইফ উদ্দিনকে আহ্বায়ক ও অধ্যাপক ডাঃ মোঃ মনিরুজ্জামান, জনাব মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ, জনাব এম মিজানুর রহমান, জনাব মোঃ আব্দুল হাই, ডাঃ মোহাম্মদ হুমায়ূন কে সদস্য এবং জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুরকে সদস্য সচিব করে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়। চিকিৎসাকেন্দ্রের যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটিকে একটি মানসম্পন্ন ৫০০ এম. এ মেশিন ক্রয়ের লক্ষ্যে

কয়েকটি প্রতিষ্ঠান হতে স্পেসিফিকেশনসহ দর সংগ্রহ করে যাচাই বাছাইয়ের মাধ্যমে সুপারিশ করে পরবর্তীতে স্বাস্থ্য উপ-কমিটিতে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।

সমিতির প্যাথলজি বিভাগের অটোমেটিক বায়োকেমিষ্টি মেশিন ক্রয় সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত মেশিনটি ক্রয়ের লক্ষ্যে উপরোক্ত গঠিত বিশেষজ্ঞ কমিটির সুপারিশের ভিত্তিতে একই পদ্ধতিতে ক্রয় করা যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

রেডিওলজি বিভাগ চালুর লক্ষ্যে সৃষ্ট পদসমূহে লোকবল নিয়োগের লক্ষ্যে জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি জারী করে নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির মাধ্যমে যথাসময়ে নিয়োগ কার্যক্রম গ্রহণের সুপারিশ করা হয়।

সভায় সমিতি ভবনে ১০/২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন সংক্রান্ত সম্ভাব্যতা (Feasibility), সরকারের হাসপাতাল স্থাপন নীতিমালা পর্যালোচনা এবং এ জন্য প্রয়োজনীয় আর্থিক সংশ্লেষসহ বিস্তারিত পরীক্ষা-নীরিক্ষা করে মতামত দেওয়ার জন্য জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুরকে আহ্বায়ক ও জনাব মোঃ সাইফ উদ্দিন, অধ্যাপক ডাঃ মোঃ মনিরুজ্জামান, জনাব মোঃ আব্দুল হাই, ডাঃ মোহাম্মদ হুমায়ুনকে সদস্য এবং জনাব মোহা ওয়ালিউর রহমানকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিকে যথাশীঘ্র সম্ভব একটি প্রকল্প প্রস্তাব সংক্রান্ত মতামত পেশ করার জন্য অনুরোধ করা হয়।

## বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান-২০১৮ ফটো গ্যালারি







## বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান-২০১৮ ফটো গ্যালারি









# প্রবীণ দিবস-২০১৮

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি আন্তর্জাতিক প্রবীণ দিবস-২০১৮ উপলক্ষ্যে ০৯ অক্টোবর, ২০১৮ তারিখে অবসর ভবনের নিচ তলায় (সুগন্ধা কমিউনিটি সেন্টারে) আলোচনা সভার আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি সমাজ কল্যাণ মন্ত্রী জনাব রাশেদ খান মেনন, এম.পি বিশেষ কারণে উপস্থিতি থাকতে পারেননি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব মোঃ সেরাজুল হক খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব আব্দুল্লাহ্ হারুন পাশা। আলোচনায় সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোহাম্মদ আলী খান সাবেক অতিরিক্ত সচিব। সভায় সমিতির সদস্যগণ তাঁদের বক্তব্যের মাধ্যমে প্রবীণদের বিভিন্ন অসুবিধার কথা উল্লেখ করেন এবং সুযোগ সুবিধা বৃদ্ধির ব্যাপারে আলোকপাত করেন। বিশেষ অতিথি সমিতির চিকিৎসা কেন্দ্র ১০ বেডের হাসপাতালে রূপান্তর করা এবং প্রবীণদের সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য আশ্বাস দেন। এছাড়া সমিতির সভাপতি, মহাসচিব ও কোষাধ্যক্ষ প্রবীণদের স্বাস্থ্য, জীবন যাত্রার মান বৃদ্ধি ও আর্থিক সংকট নিরসনের বিষয়াদি বক্তব্যের মাধ্যমে তুলে ধরে তা পূরণের জন্য যথাযথভাবে কাজ করে যাবেন মর্মে উল্লেখ করেন। অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্ব পালন করেন সমিতির আজীবন সদস্য জনাব মোহিনী মোহন চক্রবর্তী। সভায় সকলকে একটি করে টি-শার্ট বিতরণ করা হয়। সভা শেষে সকলকে আপ্যায়ন করা হয়।




# পরিচালক (কার্যক্রম) বিদায়

সমিতির পরিচালক (কার্যক্রম) জনাব এস এম কামরুজ্জামান ২০ নভেম্বর, ২০১৮ তারিখে অবসর সমিতি থেকে অবসর গ্রহণ করেন। এ প্রেক্ষিতে বিগত ১১ ডিসেম্বর, ২০১৮ তারিখে তাকে বিদায় সংবর্ধনা দেয়া হয়। বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সমিতির সভাপতি, মহাসচিব, কোষাধ্যক্ষ ও যুগ্ম-মহাসচিব উপস্থিত ছিলেন। এছাড়া সমিতির চিকিৎসাকেন্দ্রের ডাক্তার, কর্মচারীগণ এবং প্রশাসন শাখার কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। সংবর্ধনা অনুষ্ঠানে পরিচালক (কার্যক্রম) এর সাথে বিগত দিনের কাজ কর্মের স্মৃতির কথা বলতে গিয়ে আবেগে আপ্লুত হয়ে যান ডাক্তার জনাব ফাইজুর রহমান (মেডিসিন বিশেষজ্ঞ), জনাব নাজেরা খাতুন, লাইব্রেরীয়ান এবং জনাব শাহ আলম, প্রশাসনিক কর্মকর্তা। আলোচনায় অংশগ্রহণ করেন সমিতির সভাপতি, মহাসচিব, কোষাধ্যক্ষ ও যুগ্ম-মহাসচিব। সমিতির সভাপতি বিদায়ী পরিচালক (কার্যক্রম) কে শুভেচ্ছা পুরস্কার প্রদান করেন।




# অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা ২০১৮ পুরস্কার বিতরণী

অত্র সমিতির অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা-২০১৮ এর অনুষ্ঠান ১৮ নভেম্বর, ২০১৮ তারিখে শুরু হয়ে ফিকচার অনুযায়ী সমাপ্তি হয়। উক্ত ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ০৪ অক্টোবর, ২০১৮ তারিখে অবসর ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়ে গেল। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমিতির সভাপতি জনাব আব্দুল্লাহ্ হারুন পাশা এবং সভাপতিত্ব করেন ক্রীড়া উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আনিসুজ্জামান। এছাড়া সমিতির মহাসচিব, অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতার আহ্বায়ক, খেলায় অংশগ্রহণকারী সম্মানিত সদস্যগণ এবং সমিতির কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত থেকে অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করেন। অনুষ্ঠানে খেলায় বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হয়। পরাজিতদের সান্ত্বনা পুরস্কারের ব্যবস্থা রাখা হয়। অনুষ্ঠানে সকলকে আপ্যায়ন করা হয়।




# ঈদ-ই-মিলাদুন্নবী ২০১৮

বিগত ২২ নভেম্বর, ২০১৮ তারিখে অত্র সমিতি কর্তৃক আয়োজিত ঈদ-ই-মিলাদুন্নবী, ২০১৮ অবসর ভবনের নিচ তলায় (সুগন্ধা কমিউনিটি সেন্টার) অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে সমিতির মহাসচিব স্বাগত বক্তব্য প্রদান করেন। উক্ত অনুষ্ঠানে ধানমন্ডির তাকওয়া মসজিদের পেশ ইমাম কুরআন ও হাদিস থেকে বিস্তারিত আলোচনা করেন। আলোচনার পর দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে উপস্থিত সদস্য ছাড়াও সমিতির সকল সদস্যের শান্তি ও মঙ্গল কামনা করা হয়। গভীর ধর্মীয় ভাব গাম্ভীর্যের মধ্য দিয়ে অনুষ্ঠানটি সমাপ্ত হয়।



**বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির পক্ষে জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর কর্তৃক সম্পাদিত এবং সমিতির মহাসচিব কর্তৃক প্রকাশিত;**
ঠিকানা ঃ অবসর ভবন, বাড়ী-৭৫/এ, রোড নং -৫/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯।
ফোন : ৯১১৪৮৫৮, ৯১১৯২০৮, ০১৭১০-৮২৬৩৪২